গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১(প্রশাসন)
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.lrb.gov.bd

নং ৩১.০২.০০০০.০১১.০৬.০০৩.১৬.৪০৭

তারিখ ঃ ১৩ জ্যৈষ্ঠ, ১৪২৬ / ২৭ মে, ২০১৯

ভূমি সংস্কার বোর্ডের নিয়োগবিধি ও সরকারের প্রচলিত সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক ভূমি সংস্কার বোর্ড ও বোর্ডের আওতাধীন বিভাগীয় উপ ভূমি সংস্কার কমিশনার কার্যালয়সমূহের জন্য নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্মোক্ত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ১। | সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর টাকা- ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০৩(তিন)টি | (১) উচ্চমাধ্যমিক পাশ বা সমমানের ডিগ্রী<br>(২) এম.এস ওয়ার্ড ও এক্সেল পারদর্শী<br>(৩) বাংলা টাইপের গতি সর্বনিম্ন ২৫ শব্দ প্রতি মিনিট<br>(৪) ইংরেজী টাইপের গতি সর্বনিম ৩০ শব্দ প্রতি মিনিট<br>(৫) বাংলা শর্টহ্যান্ডের গতি সর্বনিম ৫০শব্দ প্রতি মিনিট<br>(৬) ইংরেজী শর্টহ্যান্ডের গতি সর্বনিম ৮০ শব্দ প্রতি মিঃ | বরিশাল, নরসিংদী, ময়মনসিংহ, যশোর, লক্ষীপুর, বগুড়া, টাংগাইল, চাঁদপুর, ফেনী, রাজবাড়ি।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২। | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর টাকা- ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০৩(তিন)টি | (১) উচ্চমাধ্যমিক পাশ বা সমমানের ডিগ্রী<br>(২) এম.এস ওয়ার্ড ও এক্সেলএ পারদর্শী<br>(৩) বাংলা টাইপের গতি সর্বনিম্ন ২৫ শব্দ প্রতি মিনিট<br>(৪) ইংরেজী টাইপের গতি সর্বনিম ৩০ শব্দ প্রতি মিনিট<br>(৫) বাংলা শর্টহ্যান্ডের গতি সর্বনিম ৪৫শব্দ প্রতি মিনিট<br>(৬) ইংরেজী শর্টহ্যান্ডের গতি সর্বনিম ৭০ শব্দ প্রতি মিনিট | জামালপুর, পিরোজপুর।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৩। | বার্তা বাহক ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১ (এক)টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | নারায়নগঞ্জ, বগুড়া, রাজশাহী, সাতক্ষীরা, ঢাকা, বরিশাল, শেরপুর, ময়মনসিংহ, নরসিংদী, যশোর, ফরিদপুর, মুন্সিগঞ্জ।তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৪। | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৫ (পাঁচ)টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৫। | নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১ (এক)টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

শর্তাবলী ঃ

১। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান/কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

২। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১/৫/২০১৮ তারিখে বয়স ১৮ হতে ৩০ বছর হতে হবে। তবে প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তানদের (মুক্তিযোদ্ধার নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০ (ত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ

৩। সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের অনলাইনে দরখাস্ত দাখিলের সময় স্ব স্ব কর্তৃপক্ষের নিকট থেকে চাকুরীতে আবেদন করার জন্য ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূল ছাড়পত্র প্রদর্শণ করতে হবে।

৪। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শণ করতে হবে এবং পূরণকৃত আবেদনের প্রিন্ট কপিসহ সত্যায়িত একসেট সনদপত্রাদি দাখিল করতে হবে।

৫। স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে জাতীয় পরিচয়পত্র বা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনারের সনদপত্র এবং মুক্তিযোদ্ধা বা অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৬। আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যে কোন স্থানে চাকুরি করতে বাধ্য থাকবেন।

৭। এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না ।

৮। লিখিত,ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

**৯। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://lrb.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:-

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৯ মে, ২০১৯ খ্রি: সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৬ জুন, ২০১৯ খ্রি: বিকাল ০৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ক্রমিক নং-১ থেকে ২ নং পদের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২.০০ টাকা সহ মোট ১১২/- (এক শত বার) টাকা ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন এবং ক্রমিক নং-৩ থেকে ৫নং পদের জন্য ৫০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬.০০ টাকা সহ মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।

**এখানে বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।**

প্রথম SMS: LRB <space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: LRB ABCDEF
Reply: Applicant's Name, Tk-112/- or 56/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type LRB <Space>Yes < Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: LRB <space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: LRB YES 12345678

*Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for LRB Application for XXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://lrb.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

(ছ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://lrb.teletalk.com.bd** অথবা **www.lrb.gov.bd** এর ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে)যথাসময়ে জানানো হবে। Online- এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয় হবে।

(জ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম,ছবি,পরীক্ষার তারিখ,সময় ও পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/ মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(ঝ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMSপদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবংPIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে LRB<space>Help<space> User<space> User ID & Send to 16222
Example: LRB HELP USER ABCDEF

i i. PIN Number জানা থাকলে LRB<space>Help<space>PIN <space> PIN No & Sendto 16222
Example: LRB HELP PIN 1234567.

ঞ) Online- এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবইল থেকে ১২১ এ কল করুন অথবা টেলিটক কাস্টমার কেয়ারে যোগাযোগ করুন। এছাড়াও **vas.query@teletalk.com.bd** ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১১)অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২) এই বিজ্ঞপ্তিটি সরকারি ভূমি সংস্কার বোর্ডের নিজস্ব ওয়েব সাইট (www.lrb.gov.bd) এ পাওয়া যাবে।

(মোঃ রেজাউল কবীর )
[ উপ সচিব ]
সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা